

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা  
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০৩.১৬.

তারিখ: ১০/৩/২০২০খ্রি:

বিষয় : অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহের আওতায় পুনর্ভরণ বিল পরিশোধ প্রসঙ্গে।

সূত্র : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, রাজশাহী স্মারক নং-১০৩২, তারিখ-২৪/০২/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ সদর কর্তৃক দাখিলকৃত সুদের হিসাবসহ বিস্তারিত তথ্য এবং কোড নং-৩৪২১৬০২-ঋণ ব্যবস্থাপনা ব্যয় খাতে =৩,৯৭,৩৬১/- (তিন লাখ সাতানব্বই হাজার তিনশত একষট্টি) টাকার চাহিদা প্রেরণ করা হয়েছে। চাহিদাপত্রে সুদের কারণ হিসেবে পর্যাপ্ত ফান্ড না থাকা, জেলা হিসাবরক্ষণ অফিস হতে চেক ইস্যু করতে বিলম্ব করায়, আইবাস++ এ খাদ্য অধিদপ্তর হতে সময়মত অর্থ বরাদ্দ প্রাপ্ত না হওয়ার কথা উল্লেখ করা হয়েছে। সারা দেশে পুনর্ভরণের বিল পরিশোধের লক্ষ্যে হিসাবরক্ষণ দপ্তর কর্তৃক পাশকৃত বিল ব্যাংকে জমা প্রদান এবং ব্যাংক কর্তৃক বিল নগদায়নের মাধ্যমে পরিশোধ কার্যক্রম সমাপ্ত করা হয়। কিন্তু চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় পুনর্ভরণের বিল পরিশোধের বিষয়ে হিসাবরক্ষণ দপ্তর হতে পাশকৃত বিলের পরিবর্তে ব্যাংক কর্তৃক চেক দাবী করা হয়েছে এবং সে অনুযায়ী চেক প্রদান করা হচ্ছে। ফলে বিলম্বে চেক প্রদান করায় সুদের উদ্ভব হয়েছে যা সরকারি নিয়মের ব্যত্যয়।

এমতাবস্থায়, ভবিষ্যতে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলাসহ আপনার অঞ্চলের অন্যান্য জেলা/উপজেলায় পুনর্ভরণ বিল পরিশোধের বিষয়ে উক্ত অবস্থা পরিহারের বিষয়ে তদারকি জোরদার করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ—

(মোঃ মাহমুদ হাসান)  
পরিচালক  
ফোনঃ ৯৫৫৬৩০৬

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক  
রাজশাহী।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০৩.১৬. ৭২১৭  
সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে।

তারিখ: ১০/৩/২০২০খ্রি:

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ। বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হলো। খাদ্য বিভাগের প্রচলিত নিয়মের ব্যত্যয় ঘটিয়ে অগ্রণী ব্যাংক জেলা হিসাবরক্ষণ দপ্তর কর্তৃক পাশকৃত বিলের পরিবর্তে চেক দাবী করায় এবং হিসাবরক্ষণ কার্যালয় হতে চেক ইস্যুতে বিলম্ব ঘটায় কিছু দিনের সুদের উদ্ভব হয় যা কাম্য নয়। অতএব অগ্রণী ব্যাংক, চাঁপাইনবাবগঞ্জ সদর ও খামার শাখা পরিহারপূর্বক অন্য কোন তফসিল পেয়িং ব্যাংককে পেয়িং ব্যাংক হিসেবে নিয়োগ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। সহকারী মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৬। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, চাঁপাইনবাবগঞ্জ সদর শাখা/খামার শাখা, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। অফিস কপি।

(মোহাম্মদ আমিনুল এহসান)  
উপপরিচালক  
১৪/৩/২০২০